



নং-কুসক-২০২৬/ ৬১৮

তারিখ: ২২/১০/২০২৬

কুষ্টিয়া সরকারি কলেজের অফিসিয়াল ফেসবুক পেজ শনাক্তকরণ এবং ভূয়া/অননুমোদিত পেজের মাধ্যমে বিভ্রান্তি প্রতিরোধ বিজ্ঞপ্তি

এতদ্বারা কুষ্টিয়া সরকারি কলেজের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ও পরিচয় ব্যবহার করে সামাজিক যোগাযোগমাধ্যমে ভূয়া বা অননুমোদিত ফেসবুক পেজ তৈরি এবং সেগুলোর মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য প্রচারের ঘটনা পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের কার্যক্রমের ফলে কলেজের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হওয়া, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি এবং ভুল তথ্য প্রচারের আশঙ্কা রয়েছে। এমতাবস্থায়, কুষ্টিয়া সরকারি কলেজের একমাত্র অননুমোদিত অফিসিয়াল ফেসবুক পেজ হিসেবে নিম্নলিখিত পেজটি চিহ্নিত ও নির্ধারণ করা হলো যা কলেজের অফিসিয়াল ওয়েবসাইটের সাথে সংযুক্ত করা:

অফিসিয়াল ফেসবুক পেজের নাম: Kushtia Government College
ফেসবুক পেজের লিংক: <https://www.facebook.com/kushtiagovtcollege>
কলেজের অফিসিয়াল ওয়েবসাইট: <https://kushtiagovcollege.edu.bd/>

উল্লেখ্য, কলেজের অফিসিয়াল ওয়েবসাইটের সঙ্গে সংযুক্ত উপর্যুক্ত ফেসবুক পেজটিই কলেজের প্রাতিষ্ঠানিক তথ্য, বিজ্ঞপ্তি, নোটিশ, একাডেমিক কার্যক্রম এবং অন্যান্য অননুমোদিত তথ্য প্রচারের নির্ধারিত সামাজিক যোগাযোগমাধ্যম।

এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের জন্য বলা হলো:

- ১। কুষ্টিয়া সরকারি কলেজের নামে পরিচালিত যেকোনো ফেসবুক পেজ বা অ্যাকাউন্ট থেকে প্রচারিত তথ্য বিশ্বাস বা শেয়ার করার আগে উপর্যুক্ত অফিসিয়াল পেজের সঙ্গে মিলিয়ে যাচাই করতে হবে।
- ২। কলেজের নাম, লোগো, ছবি বা প্রাতিষ্ঠানিক পরিচয় ব্যবহার করে তৈরি অন্য কোনো পেজকে কলেজের অননুমোদিত অফিসিয়াল পেজ হিসেবে গণ্য করা যাবে না, যদি না কর্তৃপক্ষ কর্তৃক তা পিছিতভাবে অননুমোদিত হয়।
- ৩। কলেজের অফিসিয়াল পেজের অনুল্লপ নাম, লোগো বা পরিচয় ব্যবহার করে পরিচালিত কোনো ভূয়া বা অননুমোদিত পেজে বিভ্রান্তিকর তথ্য, মিথ্যা বিজ্ঞপ্তি, ভূয়া ভর্তি-সংক্রান্ত তথ্য, আর্থিক লেনদেনের আহ্বান কিংবা অন্য কোনো বিভ্রান্তিকর প্রচারণা দেখা গেলে তা কলেজ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ৪। কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সচেতন থাকতে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যদেরও সতর্ক করতে অনুরোধ করা হলো।
- ৫। কলেজের নামে কোনো অননুমোদিত পেজ বা অ্যাকাউন্ট পরিচালনার মাধ্যমে বিভ্রান্তি সৃষ্টি, প্রতারণা কিংবা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ করার সুনির্দিষ্ট তথ্য পাওয়া গেলে কলেজ কর্তৃপক্ষ প্রচলিত বিধি ও আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করবে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এ আদেশ জারি করা হলো এবং নির্দেশনাসমূহ কথায়ভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

(প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল লতিফ)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। সকল বিভাগীয় প্রধান/বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত শিক্ষক।
- ৩। সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।
- ৪। কলেজের নোটিশ বোর্ড।
- ৫। কলেজের অফিসিয়াল ওয়েবসাইট ও অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশের জন্য।
- ৬। অফিস কপি।